ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
সিভিল রক্ষণাবেক্ষণ বিভাগ

নথি নম্বর: **৪৬.০৫.০০০০.৪৪০.০৭.১১৪.২৩** নথির বিষয়: Purchase of different items for multipurpose hall (4th floor) & different offices of WASA Bhaban.

নোট: ১ নোটের বিষয়: **Purchase of different items for multipurpose hall (3rd floor) & different offices of WASA Bhaban.**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ১৩/৭/২৩ ৬:৩৪ অপরাহ্ন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ওয়াসা ভবনের চতুর্থ তলায় মাল্টিপারপাস হল অবস্থিত। এই মাল্টিপারপাস হলের তুরাগ, শীতলক্ষ্যা ও বুড়িগঙ্গা হলে বিভিন্ন সময়ে মিটিং বা আলোচনা সভা, প্রেজেন্টেশন, ট্রেনিং প্রোগ্রাম পরিচালনা হয়ে থাকে। উক্ত আলোচনা সভা/মিটিংয়ে ঢাকা ওয়াসার উর্ধ্বতন কর্মকর্তা এবং বিভিন্ন সংস্থার উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত থাকেন। প্রায়ই মাল্টিপারপাস হলে উপস্থিত কর্মকর্তাদের আপ্যায়ন করা হয়। মাল্টিপারপাস হলে খাবারের জন্য নাইফ ও স্পুন না থাকায় উপস্থিত কর্মকর্তা ও অথিতিদের আপ্যায়ন করা মানসম্মত হয়না। ফলে মিটিং এ আগত অতিথিদের আপ্যায়নের জন্য নাইফ ও স্পুন ক্রয় করার জন্য উপ-ব্যবস্থাপনা পরিচালক (পরিচালন ও রক্ষণাবেক্ষণ) মহোদয় মৌখিক নির্দেশ প্রদান করেছেন। তাছাড়া আতিরিক্ত প্রধান প্রকৌশলী মহোদয়ের রুমের একটি ওয়াল ফ্যান নষ্ট হয়ে গেছে। ওয়াসা ভবনে ছয়টি যাত্রীবাহি লিফট রয়েছে। এর মধ্যে একটি লিফটের ফ্যান নষ্ট হয়ে গেছে। উপরোক্ত কাজগুলো করা জরুরী প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ১৩/৭/২৩ ৬:৩৫ অপরাহ্ন

উপরোক্ত কাজটি সম্পন্ন করার লক্ষ্যে বর্তমান বাজার দর অনুযায়ী একটি প্রাক্কলন তৈরি করা হয়েছে। প্রাক্কলনে ব্যয়ের পরিমান দাঁড়িয়েছে ৳.২৪,৭৯০/-(চব্বিশ হাজার সাতশত নব্বই) টাকা মাত্র। আলোচ্য কাজের ব্যয়ভার সিএম বিভাগের ২০২৩-২০২৪ ইং অর্থ-বৎসরের বার্ষিক ক্রয় পরিকল্পনার "অফিস দালান রক্ষণাবেক্ষণ" খাত এর আইটেম নং-৩৩ হতে নির্বাহ করা হবে। কাজ শেষে ব্যয়কৃত টাকা অনুমোদিত ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১৩/৭/২৩ ৬:৩৬ অপরাহ্ন

এমতাবস্থায়, Purchase of different items for multipurpose hall (3rd floor) & different offices of WASA Bhaban কাজটি পিপি আর ২০০৮ এর ৮১/১ উপ ধারা অনুযায়ী সরাসরি নগদ ক্রয় পদ্ধতিতে ৳.২৪,৭৯০/-(চব্বিশ হাজার সাতশত নব্বই) টাকার আর্থিক, কারিগরী ও প্রশাসনিক সদয় অনুমোদন দেয়া যেতে পারে। প্রাক্কলনটির অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

১৩/৭/২৩ ৬:৪২ অপরাহ্ন মোহাম্মদ রিয়াজুল ইসলাম উপ-সহকারী প্রকৌশলী সিভিল রক্ষণাবেক্ষণ বিভাগ	১৩/৭/২৩ ৯:১৮ অপরাহ্ন মোঃ আরমান ভূইয়া উপ-বিভাগীয় প্রকৌশলী সিভিল রক্ষণাবেক্ষণ বিভাগ	১৬/৭/২৩ ১১:৪৯ পূর্বাহ্ন মুক্তা সাহা নির্বাহী প্রকৌশলী সিভিল রক্ষণাবেক্ষণ বিভাগ	১৬/৭/২৩ ১:১৮ অপরাহ্ন মোঃ ইকবাল আহমেদ মজুমদার তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) এস এম ডব্লিউ সি সার্কেল

~~১৬/৭/২৩ ১:১৮ অপরাহ্ন~~
~~মোঃ কামরুল হাসান~~
~~প্রধান প্রকৌশলী~~
~~প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)~~

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ১৯/৭/২৩ ৯:২৩ পূর্বাহ্ন

অনুমোদিত

১৯/৭/২৩ ৯:২৪ পূর্বাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)	১৯/৭/২৩ ১:৪৬ অপরাহ্ন মুক্তা সাহা নির্বাহী প্রকৌশলী সিভিল রক্ষণাবেক্ষণ বিভাগ	১৯/৭/২৩ ১:৪৬ অপরাহ্ন মোহাম্মদ রিয়াজুল ইসলাম উপ-সহকারী প্রকৌশলী সিভিল রক্ষণাবেক্ষণ বিভাগ